

১৪৭ নং

তাল--ঝাপতাল

রাগিনী--কেদারা

মতুয়ার গণ চলে ধরা টল মল,  
বীর করুণ রসে ভরা আঁখি ছল ছল ।

- ১। পাপ দাপে ধরা যবে কলুষিত হ'ল,  
ত্রাহি ত্রাহি রবে ডাকে, জীব কুলদল ।  
পৃথ্বীমাতা ভবর তাহে সহিতে নারিল ॥
- ২। ক্ষীরোদের সাঁই সেই নীরোদ বরণ হরি,  
পূর্ণশক্তি লয়ে তাই এল ধরা 'পরি ।  
হরিচাঁদ রূপে প্রভু অবতীর্ণ হ'ল ॥
- ৩। বীর করুণ পবিত্রতায় মতুয়া সাজা'ল,  
গুরুচাঁদ দেহে শক্তি মিলন হইল ।  
পাপ কলি এবে তায় ত্রাসিত হইল ॥
- ৪। মতুয়া শক্তি তায় পূর্ণ শক্তি ধরা,  
মদে মত্ত সিংহসম ধায় যে তাহারা ।  
( আমার ) প্রেমে মাথা গলা দেহ ঢল ঢল ॥
- ৫। তালে তালে নাচে আর পড়ে উলুধ্বনি,  
ডঙ্কা শিঙ্গা পড়ে তায় কাঁপে যে মেদিনী ।  
হরিনাম ধ্বনি দিয়ে জগৎ মাতা'ল ॥
- ৬। কলির অন্নায়ু, গুরুচাঁদ দেহ ছাড়ি,  
প্রমথচাঁদে শক্তি হ'ল অবতরি,  
পাসী তাপে হয় এবার কোথা চলে গেল ॥
- ৭। গোপালচাঁদ ডেকে বলে মায়া মুঞ্চ নরে,  
প্রমথচাঁদ মোক্ষদাতা ভুল' না তাহারে ।  
অভাগা কুমুদের ঘুম নাহি ভাঙ্গিল ॥

—কুমুদরঞ্জন